

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-৩ শাখা
www.mopa.gov.bd

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মফিদুর রহমান, যুগ্মসচিব (সিপি), জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ ও সময় : ২৮/০৭/২০২০ সন্ধ্যা ১১:০০ টা।
সভার স্থান : Zoom App এর মাধ্যমে।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-ক

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্ভাবনী ধারণাসমূহ বাস্তবায়ন এবং ২০২০-২১ অর্থবছরের জন্য উদ্ভাবনী ধারণা গ্রহণসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	<p>২০১৯-২০ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত উদ্ভাবনী ধারণাসমূহ বাস্তবায়নের বিষয়ে আলোচনা:</p> <p>(ক) সিস্টেম এনালিস্ট, জনাব মুহাম্মদ হাফিজুর রহমান, পিএসসি সভায় অবহিত করেন যে, 'সরকারি কর্মচারীদের পদায়ন/বদলি/পদোন্নতির অফিস আদেশ মোবাইল নোটিফিকেশন এর পরিবর্তে সংশ্লিষ্ট কর্মকর্তার PMIS-এ স্বল্পতম সময়ে আপলোড করে উদ্ভাবনী ধারণাটি সহজে বাস্তবায়ন করা যেতে পারে। কমিটির সদস্যবৃন্দ এ বিষয়ে একমত পোষণ করেন। তবে তারা এপিডি অনুবিভাগ হতে প্রাপ্ত আদেশসমূহ PMIS-এ দ্রুততম সময়ে আপলোড নিশ্চিত করার জন্য অনুরোধ করেন।</p> <p>(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ে KIOSK স্থাপনের বিষয়ে আলোচনা হয়। সভায় অবহিত করা হয় যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ইতোমধ্যে ৫টি কিয়স্ক স্থাপন করা হয়েছে। উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়নের জন্য উক্ত কিয়স্কসমূহ হতে একটি ব্যবহার করার জন্য প্রশাসন অনুবিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।</p> <p>(গ) সভায় বিধি অনুবিভাগের অ্যাপস তৈরির বিষয়ে আলোচনা করা হয়। অ্যাপসটি বাস্তবায়নের লক্ষ্যে এটুআই এর সহযোগিতা গ্রহণ করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। এ বিষয়ে এটুআই এর সাথে দ্রুত যোগাযোগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>(ক) সরকারি কর্মচারীদের পদায়ন/বদলি/পদোন্নতির অফিস আদেশ মোবাইল নোটিফিকেশন এর পরিবর্তে সংশ্লিষ্ট কর্মকর্তার PMIS-এ স্বল্পতম সময়ে আপলোড করার মাধ্যমে উদ্যোগটি বাস্তবায়ন করা হবে। এ সংক্রান্ত একটি অফিস আদেশ জারি করতে হবে।</p> <p>(খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে স্থাপিত ৫টি KIOSK হতে একটি উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে ব্যবহারের জন্য প্রশাসন অনুবিভাগের সাথে যোগাযোগ করতে হবে।</p> <p>(গ) বিধি অনুবিভাগের অ্যাপস তৈরির বিষয়ে এটুআই এর সাথে দ্রুত যোগাযোগ করতে হবে।</p>	<p>যুগ্মসচিব, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়।</p> <p>উপসচিব, সিপি-৩, জনপ্রশাসন মন্ত্রণালয়</p> <p>উপসচিব, সিপি-৩, জনপ্রশাসন মন্ত্রণালয়</p>

২.	সভায় ২০২০-২১ অর্থবছরের জন্য উদ্ভাবনী ধারণা গ্রহণের বিষয়ে আলোচনা হয়।	পরবর্তী সভায় কমিটির সদস্যবৃন্দ উদ্ভাবনী ধারণা উপস্থাপন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	কমিটির সকল সদস্য
৩.	সভায় ইনোভেশন কমিটিতে উপসচিব, জনাব মোহাম্মদ কামাল হোসেন, কল্যাণ শাখা-কে কো-অপ্ট করার বিষয়ে আলোচনা হয় এবং পরবর্তী সভায় সরকারি কর্মচারী হাসপাতাল-এর একজন প্রতিনিধিকে আমন্ত্রণ জানানো যেতে পারে মর্মে অভিমত প্রকাশ করা হয়।	(ক) জনাব মোহাম্মদ কামাল হোসেন, উপসচিব, কল্যাণ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়-কে ইনোভেশন কমিটিতে কো-অপ্ট করা হবে। (খ) কমিটির পরবর্তী সভায় সরকারি কর্মচারী হাসপাতাল এর একজন প্রতিনিধিকে আমন্ত্রণ জানানো হবে।	উপসচিব, সিপি-৩, জনপ্রশাসন মন্ত্রণালয়

০২। পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/

০৯/০৮/২০২০

(মোঃ মফিদুর রহমান)

যুগ্মসচিব (সিপি)

ও

চিফ ইনোভেশন অফিসার

২৫ শ্রাবণ, ১৪২৭

স্মারক নং-০৫.০০.০০০০.১৯৭.০৫.০০৬.১৯-৪৪

তারিখ : -----

০৯ আগস্ট, ২০২০

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব মোঃ মফিদুর রহমান, যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

২। জনাব মোহাম্মদ আবদুল লতিফ, যুগ্মসচিব, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩। বেগম শেলিনা খানম, উপসচিব, সিআর-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪। জনাব খালিদ মেহেদী হাসান, উপসচিব, সিপি-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৫। মোছাঃ নাজমা নাহার, সিনিয়র সহকারী সচিব, প্রেষণ-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৬। জনাব মুহাম্মদ হাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় [ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধসহ]

৭। জনাব মোঃ মোস্তফা, এসাইনমেন্ট অফিসার, বাংলা ভাষা বাস্তবায়ন কোষ, জনপ্রশাসন মন্ত্রণালয়

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (সিপিটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় [অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য];

২। যুগ্মসচিব (সিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় [যুগ্মসচিব (সিপি) মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২০/৮/২০২০
খালিদ মেহেদী হাসান, পিএএ
উপসচিব